CAPSTONE

Bangla Lecture#06

পেট্রোবাংলা স্পেশাল কোর্স

Overview

- বাক্য ও বাক্যের শ্রেণিবিভাগ
- বাক্য শুদ্ধিকরণ
- বাক্য রূপান্তর
- ক্রিয়ার কাল
- আধুনিক যুগের সাহিত্যিক (স্বাধীনতা পরবর্তী)

Name: **Batch:**

Panthapath : 01972-277866
Mirpur : 01970-985421
Mouchak : 01999-017011
Chittangong : 01970-985420

লেকচার শীট-৫ এর উপর মেমোরি টেস্ট-৫

সময়: ১০ মিনিট প্রাপ্ত নম্বর: পূর্ণমান: ২০

১. 'যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর'- 'হারায়' কোন ধাতু? [২৬তম বিসিএস, উপসহকারী পরিচালক (সমাজসেবা অধিদপ্তর)-০৫]
ক. প্রযোজ্য ধাতু খ. ভাব বাচ্যের ধাতু গ. সংযোগমূলক ধাতু ঘ. প্রযোজক ধাতু

২. 'হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে?' বাক্যে ব্যবহৃত 'হের' কোন ধাতু? [পরিবার পরিকল্পনা সহকারী-১৮]
ক. আরবি খ. হিন্দি গ. ফারসি ঘ. অজ্ঞাতমূল

৩. 'শ্রবণ' এর প্রকৃতি প্রত্যয় কোনটি? [বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪]
ক. √শ্রী + অনট খ. √শ্রব + অন গ. √শ্রু + অনট ঘ. √শ্রবণ + ন

৪. 'দর্শনীয়' শব্দটির প্রকৃতি-প্রত্যয়- [১৬তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৯]
ক. √দর্শন + ইয় খ. √দৃশ্ + অনীয় গ. √দৃশ্য + নীয় ঘ. √দর্শন + ঈয়

৫. 'বুদ্ধি' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় হলো- [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অডিটর-১৯]
ক. বুদ্ + ধি খ. বুধ + দি গ. বুধ্ + তি ঘ. বুদ্ধ + ই

৬. 'সুন্দর মানুষকে নিজের দিকে টানে।'-বাক্যটিতে 'সুন্দর' শব্দটি কোন পদ? [১৫তম বেসরকারি প্রভাষক শিক্ষক নিবন্ধন-১৯]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. অব্যয়

৭. 'প্রচুর' এর বিশেষ্য রূপ কী? [নির্বাচন কমিশনের অফিস সহায়ক-১৯, পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর-১৮, প্রাণিসম্পদ অধিদপ্তরের টেকনিশিয়ান-১৭]
ক. প্রাচুর্য খ. প্রাচুর্য্য গ. প্রাচুর্যতা ঘ. প্রার্চুয্যতা

৮. 'এ মাটি সোনার বাড়া'-এখানে 'সোনা' কোন অর্থে ব্যবহার করা হয়েছে? [২৭তম বিসিএস, খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সহকারী সচিব/সহকারী পরিচালক-১৯, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/ সহকারী পরিচালক-১৭]
ক. উপাদানবাচক বিশেষণ খ. রূপবাচক বিশেষণ গ. বিধেয় বিশেষণ বিশেষণ ঘ. বিশেষণের অতিশায়ন

৯. কোন বাক্যে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার নেই? [সহকারী পরিচালক (সঞ্চয় অধিদপ্তর)-০৭]
ক. তাকে বলতে দাও খ. তুমি বল, আমি শুনি গ. আমরা বাঁচতে চাই ঘ. সে দেখতে লাগলো

১০. কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন বাংলা- [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৬, অডিটর (সিএজি)-১৪]
ক. ২৫ বৈশাখ ১২৬৮ বঙ্গাব্দ খ. ৭ বৈশাখ ১২৭৮ বঙ্গাব্দ গ. ২৭ বৈশাখ ১৩৫৭ বঙ্গাব্দ ঘ. ২৪ বৈশাখ ১৩৬৮ বঙ্গাব্দ

১১. রবীন্দ্রনাথ ঠাকুর কত বছর বয়সে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন? [প্রাথমিক সহকারী শিক্ষক-১৯]
ক. ৫৫ খ. ৫২ গ. ৫৭ ঘ. ৬১

১২. 'একখানি ছোটো খেত, আমি একেলা'-রবীন্দ্রনাথের কোন কবিতার চরণ? [৩৬তম বিসিএস, বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৮]
ক. চিত্রা খ. বলাকা গ. সোনার তরী ঘ. সাধারণ মেয়ে

১৩. 'সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা'- রবীন্দ্রনাথের কোন কাব্যের কবিতা? [২৫তম বিসিএস]
ক. বলাকা খ. সোনার তরী গ. চিত্রা ঘ. পুনশ্চ

১৪. 'হিং টিং ছট' কবিতাটির রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যগ্রন্থ হতে নেয়া হয়েছে? [সহকারী পরিচালক (প্রধানমন্ত্রীর কার্যালয়)-১৫]
ক. ভানুসিংহের পদাবলী খ. কবি কাহিনী গ. চিত্রাঙ্গদা ঘ. সোনার তরী

১৫. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কৌতুক নাটক হচ্ছে- [৩৯তম বিসিএস]
ক. জামাই বারিক খ. বিবাহ বিভ্রাট গ. হিতে বিপরীত ঘ. বৈকুণ্ঠের খাতা

১৬. রবীন্দ্রনাথ ঠাকুরের 'শেষের কবিতা' উপন্যাসে কোন ভাষাবিদের নাম পাওয়া যায়? [প্রশাসনিক কর্মকর্তা (স্বরাষ্ট্র মন্ত্রণালয়)-০৬]
ক. সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ. সুকুমার সেন গ. হরপ্রসাদ শাস্ত্রী ঘ. পবিত্র সরকার

১৭. 'ফণিমনসা' কাব্যের রচয়িতা কে? [২৪তম বিসিএস, প্রাথমিক সহকারী শিক্ষক-১১]
ক. কাজী নজরুল ইসলাম খ. আহসান হাবীব গ. সিকানদার আবু জাফর ঘ. হাসান হাফিজুর রহমান

১৮. কাজী নজরুল ইসলাম 'সঞ্চিতা' কাব্য কাকে উৎসর্গ করেন? [১৬তম বিসিএস]
ক. চিত্তরঞ্জন দাসকে খ. রবীন্দ্রনাথ ঠাকুরকে গ. বীরজাসুন্দরী দেবীকে ঘ. প্রমীলা দেবীকে

১৯. ব্রিটিশ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হওয়া নজরুলের একটি কাব্যগ্রন্থ- [উপজেলো সমাজসেবা অফিসার-০৮]
ক. সর্বহারা খ. জিঞ্জির গ. প্রলয়শিখা ঘ. সাম্যবাদী

২০. কোন কবিতাটি কাজী নজরুল ইসলাম রচিত নয়? [প্রাথমিক প্রধান শিক্ষক-০১]
ক. বিদ্রোহী খ. ধূমকেতু গ. ১৪০০ সাল ঘ. পূজারিণী

বাক্য

ভাষার মূল উপকরণ বাক্য এবং বাক্যই ভাষার বৃহত্তম একক। বাক্যের ক্ষুদ্রতম একক হলো শব্দ। শব্দকে বাক্যের উপাদান বলা হয়। যে সুবিন্যস্ত পদসমষ্টি দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয় তাকে বাক্য বলে। যেমন: আফিক ভদ্র ছেলে। শিউলি গান গায়।

একটি আদর্শ বাক্যের তিনটি গুণ থাকা আবশ্যক। যথা: ১. আকাঙ্ক্ষা ২. আসত্তি/ নৈকট্য ৩. যোগ্যতা।

১. আকাঙ্ক্ষা: বাক্যের অর্থ ভালোভাবে বোঝার জন্য যতগুলো পদের প্রয়োজন তার সবকটি যদি বাক্যে না থাকে এবং কোনো এক বা একাধিক পদ অবশিষ্ট থাকে, তবে ঐ অবশিষ্ট পদ শোনার যে ইচ্ছাকে বাক্যের 'আকাঙ্ক্ষা' বলে। যেমন:

অপূর্ণাঙ্গ বাক্য: অর্থই অনর্থের

পূর্ণাঙ্গ বাক্য: অর্থই অনর্থের মূল।

অপূর্ণাঙ্গ বাক্য: ঢাকাকে মসজিদের

পূর্ণাঙ্গ বাক্য: ঢাকাকে মসজিদের শহর বলা হয়।

২. আসত্তি/ নৈকট্য: 'আসত্তি' অর্থ নৈকট্য। বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই হলো আসত্তি। যেমন:

আসত্তিহীন বাক্য: তাজুল ছেলে ভালো খুব।

আসত্তিসম্পন্ন বাক্য: তাজুল খুব ভালো ছেলে।

আসত্তিহীন বাক্য: মহান বঙ্গবন্ধু নেতা একজন ছিলেন।

আসত্তিসম্পন্ন বাক্য: বঙ্গবন্ধু একজন মহান নেতা ছিলেন।

৩. যোগ্যতা: বাক্যস্থিত পদসমূহের অর্থগত ও ভাবগত সঙ্গতি রক্ষার নাম যোগ্যতা। ব্যাকরণে বাক্য গঠনের যোগ্যতা বলতে বাক্যের ভাব প্রকাশ ক্ষমতাকে বোঝায়। সাধারণত গদ্যের ক্ষেত্রে যোগ্যতার বিচার হয়, কাব্যের ক্ষেত্রে নয়। যেমন-

যোগ্যতাহীন বাক্য: বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে।

যোগ্যতাসম্পন্ন বাক্য: বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়।

যোগ্যতাহীন বাক্য: সূর্য পশ্চিম দিকে উঠে।

যোগ্যতাসম্পন্ন বাক্য: সূর্য পূর্ব দিকে উঠে।

বাক্যের যোগ্যতার সঙ্গে যেসব বিষয় জড়িত থাকে-

ক. দুর্বোধ্যতা: অপরিচিত, অপ্রচলিত বা দুর্বোধ্য শব্দ ব্যবহারে বাক্যের অর্থ বোঝা যেমন কষ্টসাধ্য হয়ে উঠে তেমনি বাক্য তার যোগ্যতা হারায়। যেমন-

অশুদ্ধ: তুমি আমার সঙ্গে প্রপঞ্চ করেছ।

শুদ্ধ: তুমি আমার সঙ্গে প্রতারণা করেছ।

অশুদ্ধ: তার কথা আমার নিতরাং মনে পড়ে।

শুদ্ধ: তার কথা আমার সবসময় মনে পড়ে।

খ. উপমার ভুল প্রয়োগ: অলংকারের ভুল প্রয়োগ এবং যথাযথ স্থানে উপমা ব্যবহার না করলে বাক্যে যোগ্যতার হানি ঘটে। যেমন-

অশুদ্ধ: আমার হৃদয়-মন্দিরে আশার বীজ উপ্ত হলো।

শুদ্ধ: আমার হৃদয়ে-ক্ষেত্রে আশার বীজ উপ্ত হলো।

লক্ষণীয়- বীজ ক্ষেতে বপন করতে হয়, মন্দিরে নয়।

গ. বাহুল্য-দোষ: বাহুল্য শব্দের অর্থ বাড়াবাড়ি, আধিক্য, অতিরিক্ত, অনাবশ্যক ব্যাপার। প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহার করাই হলো 'বাহুল্য দোষ'। যেমন-

অশুদ্ধ: সব পণ্ডিতগণই এ বিষয়ে একমত।

শুদ্ধ: সব পণ্ডিতই এ বিষয়ে একমত।

ঘ. গুরুচণ্ডালী দোষ: গুরুচণ্ডালী দোষ মূলত মিশ্রণ জাতীয় ভুল। অর্থাৎ সাধু-চলিতের মিশ্রণ কিংবা তৎসম শব্দের সঙ্গে দেশি শব্দের মিশ্রণে শব্দ তার যোগ্যতা হারায়। যেমন-

অশুদ্ধ: মড়াদাহ (দেশি + তৎসম)

শুদ্ধ: মড়াপোড়া (দেশি + দেশি)

ঙ. বাগধারার ত্রুটি: বাগধারা হলো ভাষার ঐতিহ্য। বাগধারার অর্থ পরিবর্তন করা যাবে না। যেমন-
অশুদ্ধ: কাঠ হাসি (যোগ্যতাহীন)
শুদ্ধ: কাষ্ঠ হাসি (যোগ্যতাসম্পন্ন)

বাক্যের অংশ

প্রতিটি বাক্যের প্রধানত দুটি অংশ থাকে। যথা: ক. উদ্দেশ্য খ. বিধেয়
ক. উদ্দেশ্য: বাক্যে যার সম্পর্কে বা যাকে উদ্দেশ্য করে কিছু বলা হয়, তাকে উদ্দেশ্য বলে। যেমন: **রায়হান** ফুটবল খেলে। **শিউলি** টেলিভিশন দেখছে। বাক্য দুটিতে 'রায়হান' ও 'শিউলি' হলো উদ্দেশ্য।
খ. বিধেয়: উদ্দেশ্য সম্বন্ধে যা বলা হয়, তাকে বিধেয় বলে। যেমন: সাদিব এখন বই পড়ছে। এখানে 'সাদিব' হলো উদ্দেশ্য এবং 'বই পড়ছে' হলো বিধেয়।
বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকা-না থাকা বিবেচনায় বাক্যকে দুই ভাগে ভাগ করা হয়। যথা-
১. সক্রিয় বাক্য: যেসব বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকে, সেগুলোকে সক্রিয় বাক্য বলে। যেমন: আমার মা চাকরি করেন।
২. অক্রিয় বাক্য: যেসব বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকে না, সেগুলোকে অক্রিয় বাক্য বলে। যেমন: তিনি বাংলাদেশের নাগরিক।
* তবে অতীত ও ভবিষ্যৎ কালের প্রয়োগে এগুলো সক্রিয় বাক্য হয়ে যায়। যেমন-
তিনি বাংলাদেশের নাগরিক ছিলেন। (অতীত)
তিনি বাংলাদেশের নাগরিক হবেন। (ভবিষ্যৎ)

বাক্যের শ্রেণিবিভাগ

• বক্তব্যের লক্ষ্য অনুযায়ী বাক্যকে বিবৃতিবাচক, নেতিবাচক, প্রশ্নবাচক, অনুজ্ঞাবাচক ও আবেগবাচক প্রভৃতি ভাগে ভাগ করা যায়:
১. বিবৃতিবাচক বাক্য: সাধারণভাবে কোনো বিবরণ প্রকাশ পায় যেসব বাক্যে, সেগুলোকে বিবৃতিমূলক বাক্য বলে। যেমন- আমরা রোজ বেড়াতে যেতাম। বিবৃতিবাচক বাক্য প্রধানত ২ প্রকার। যথা- ১. অস্তিবাচক বাক্য ২. নেতিবাচক বাক্য

অস্তিবাচক বাক্য	নেতিবাচক বাক্য
লোকটি সৎ	লোকটি অসৎ নয়
জায়গাটি নির্জন	এখানে কেউ নেই।
তাতে সমাজ জীবন চলে না	তাতে সমাজ জীবন অচল হয়ে পড়ে।

২. প্রশ্নবাচক বাক্য: বক্তা কারও কাছ থেকে কিছু জানার জন্য যে ধরনের বাক্য বলে, সেগুলো প্রশ্নবাচক বাক্য। যেমন- তোমার নাম কী? সুন্দরবনকে কোন ধরনের বনাঞ্চল বলা হয়?
৩. অনুজ্ঞাবাচক বাক্য: আদেশ, উপদেশ, নিষেধ, অনুরোধ, প্রার্থনা কিংবা আশীর্বাদ ইত্যাদি বোঝাতে অনুজ্ঞাবাচক বাক্য হয়। যেমন- আমাকে একটি কলম দাও। তার মঙ্গল হোক।
৪. আবেগবাচক বাক্য: কোনো কিছু দেখে বা শুনে অবাক হয়ে যে ধরনের বাক্য তৈরি হয়, তাকে আবেগবাচক বাক্য বলে। যেমন- দারুণ! আমরা জিতে গিয়েছি। অত উঁচু পাহাড়ে উঠে আমি তো ভয়েই মরি!

• গঠনগত দিক দিয়ে বাক্যকে তিন ভাগে ভাগ করা যায়: সরল, জটিল ও যৌগিক।
১. সরল বাক্য: যে বাক্যে একটিমাত্র উদ্দেশ্য এবং একটিমাত্র সমাপিকা ক্রিয়া থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন- জেসমিন সবার জন্য চা বানিয়েছে।
২. জটিল বাক্য: একটি মূল বাক্যের অধীনে এক বা একাধিক আশ্রিত বাক্য বা বাক্যাংশ থাকলে জটিল বাক্য তৈরি হয়। যেমন- যদি তোমার কিছু বলার থাকে, তবে এখনই বলে ফেলো।
৩. যৌগিক বাক্য: দুই বা ততোধিক সরল বা জটিল বাক্য যোজকের মাধ্যমে যুক্ত হয়ে যখন একটিমাত্র ওবাক্য গঠন করে তাকে যৌগিক বাক্য বলে। যেমন- রহমত রাতে রুটি খায় আর রহিমা খায় ভাত।

বাক্য রূপান্তর

অর্থের কোনোরূপ পরিবর্তন না করে এক প্রকারের বাক্যকে অন্য প্রকার বাক্যে রূপান্তর করার নামই বাক্য পরিবর্তন বা বাক্য রূপান্তর।
ক. সরল বাক্য থেকে জটিল বাক্যে রূপান্তর: যে-সে, যিনি-তিনি, যারা-তারা, যা-তা ইত্যাদি সাপেক্ষ সর্বনাম এবং যদি-তবে, যেহেতু-সেহেতু, যখন-তখন, যত-তত, যেমন-তেমন ইত্যাদি সাপেক্ষ যোজক যুক্ত করে সরল বাক্যকে জটিল বাক্যে রূপান্তরিত করা যায়। যেমন-

সরল বাক্য	জটিল বাক্য
সত্য বললে মুক্তি পাবে	যদি সত্য বল, তবে মুক্তি পাবে।

তার দর্শনমাত্রই আমরা প্রস্থান করলাম।	যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।
ভিক্ষুককে দান কর।	যে ভিক্ষা চায়, তাকে দান কর।
দুর্জন লোক পরিত্যাজ্য।	যারা দুর্জন, তারা পরিত্যাজ্য।

খ. জটিল বাক্য থেকে সরল বাক্যে রূপান্তর: জটিল বাক্যকে সরল বাক্যে রূপান্তরের সময়ে সাপেক্ষ সর্বনাম ও সাপেক্ষ যোজককে বাদ দিতে হয়। যেমন-

জটিল বাক্য	সরল বাক্য
যিনি পরের উপকার করেন, তাঁকে সকলেই শ্রদ্ধা করে।	পরোপকারীকে সকলেই শ্রদ্ধা করে।
যেহেতু কোথাও কোনো পথ পাইনি, সেহেতু তোমার কাছে এসেছি।	কোথাও পথ না পেয়ে তোমার কাছে এসেছি।
যারা পরিশ্রম করে, তারা জীবনে সফল হয়।	পরিশ্রমীরা জীবনে সফল হয়।
যখন সে সুসংবাদটা পেল, তখন সে আনন্দিত হলো।	সুসংবাদটা পেয়ে সে আনন্দিত হলো।

গ. সরল বাক্য থেকে যৌগিক বাক্যে রূপান্তর: যৌগিক বাক্যে একাধিক সমাপিকা ক্রিয়ার প্রয়োজন হয়। তাই সরল বাক্য থেকে যৌগিক বাক্যে রূপান্তর করতে সরল বাক্যে থাকা অসমাপিকা ক্রিয়াকে সমাপিকা ক্রিয়ায় রূপান্তর করতে হয়। সরল বাক্যে একটিমাত্র ক্রিয়া থাকলে যৌগিক বাক্য গঠনের সময়ে আরেকটি ক্রিয়া তৈরি করে নিতে হয়। যেমন-

সরল বাক্য	যৌগিক বাক্য
তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি।	তার বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি।
বিপদ-দুঃখ এক সময়ে আসে।	বিপদ এবং দুঃখ এক সময়ে আসে।
আমি বহু কষ্টে শিক্ষা লাভ করেছি।	আমি বহু কষ্ট করেছি, ফলে শিক্ষা লাভ করেছি।
তুমি চেষ্টা না করায় ব্যর্থ হয়েছ।	তুমি চেষ্টা করোনি, তাই ব্যর্থ হয়েছে।

ঘ. যৌগিক বাক্য থেকে সরল বাক্যে রূপান্তর: যৌগিক বাক্যে দুটি সমাপিকা ক্রিয়া থাকে; অন্যদিকে সরল বাক্যে একটি সমাপিকা ক্রিয়া থাকে। যৌগিক বাক্য থেকে সরল বাক্যে রূপান্তরের সময়ে মাঝখানের সমাপিকা ক্রিয়াকে অসমাপিকা ক্রিয়ায় রূপান্তর করে নিতে হয়। যেমন-

যৌগিক বাক্য	সরল বাক্য
তুমি অধম, তাই বলে আমি উত্তম হবো না কেন?	তুমি অধম বলে আমি উত্তম হবো না কেন?
সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি।	সত্য কথা না বলে বিপদে পড়েছি।
মেঘ গর্জন করে, ফলে ময়ূর নৃত্য করে।	মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।
সে এখানে এলো এবং সব কথা খুলে বললো।	সে এখানে এসে সব কথা খুলে বললো।
লোকটি অশিক্ষিত, কিন্তু অভদ্র নয়।	লোকটি অশিক্ষিত হলেও অভদ্র নয়।

ঙ. জটিল বাক্য থেকে যৌগিক বাক্যে রূপান্তর: জটিল বাক্যে থাকা সাপেক্ষ সর্বনাম ও সাপেক্ষ যোজক বাদ দিয়ে যৌগিক বাক্য তৈরি করতে হয়। যৌগিক বাক্যে দুই বা ততোধিক সমাপিকা ক্রিয়া থাকতে পারে। 'ও', 'আর', 'বা', 'অথবা', 'নচেৎ', 'সুতরাং', 'অতএব' ইত্যাদি যোজক যোগে স্বনির্ভর বাক্যগুলোকে সংযুক্ত করে নিতে হয়। যেমন-

জটিল বা মিশ্র বাক্য	যৌগিক বাক্য
যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো রে।	তোর ডাক শুনে কেউ নাও আসতে পারে, তাই একলা চলতে হবে।
যে সত্য কথা বলে, তাকে সকলে বিশ্বাস করে।	সে সত্য বলে, তাই তাকে সকলে বিশ্বাস করে।
যখন বিপদ আসে, তখন দুঃখও আসে।	বিপদ এবং দুঃখ একই সাথে আসে।
যদিও তাঁর টাকা আছে, তথাপি তিনি দান করেন না।	তাঁর টাকা আছে, কিন্তু তিনি দান করেন না।
যদি নিয়মিত সাঁতার কাঁটো, তবে স্বাস্থ্য ভালো থাকবে।	নিয়মিত সাঁতার কাটো, ফলে স্বাস্থ্য ভালো থাকবে।

চ. যৌগিক বাক্য থেকে জটিল বা মিশ্র বাক্যে রূপান্তর: যৌগিক বাক্যকে জটিল বাক্যে রূপান্তর করার সময়ে যৌগিক বাক্যের যোজক বাদ দিতে হয়। এর বদলে সাপেক্ষ সর্বনাম ও সাপেক্ষ যোজক যুক্ত হয়। যেমন-

যৌগিক বাক্য	জটিল বা মিশ্র বাক্য
মেঘ গর্জন করে, ফলে ময়ূর নৃত্য করে।	যখন মেঘ গর্জন করে, তখন ময়ূর নৃত্য করে।
দোষ স্বীকার কর, তোমাকে কোনো শাস্তি দেব না।	যদি দোষ স্বীকার কর, তবে তোমাকে কোনো শাস্তি দেব না।
ছেলেটির বয়স অল্প, কিন্তু বেশ বুদ্ধিমান।	যদিও ছেলেটির বয়স অল্প; তবু বেশ বুদ্ধিমান।

দোষ করেছ, অতএব শাস্তি পাবে।	যেহেতু দোষ করেছ, সেহেতু শাস্তি পাবে।

ছ. অস্তিবাচক বাক্য থেকে নেতিবাচক বাক্যে রূপান্তর:

অস্তিবাচক বাক্য	নেতিবাচক বাক্য
মিথ্যাবাদীকে সবাই ঘৃণা করে।	মিথ্যাবাদীকে কেউ ভালোবাসে না।
কাপুরুষেরাই মৃত্যুকে ভয় করে।	কাপুরুষ ছাড়া অন্য কেউ মৃত্যুকে ভয় করে না।
শিশুরা দূষণমুক্ত পরিবেশ চায়।	শিশুরা দূষিত পরিবেশ চায় না।
উদ্যানলতা সৌন্দর্য গুণে বনলতার নিকট পরাজিত হলো।	উদ্যানলতা সৌন্দর্য গুণে বনলতার নিকট পরাজিত না হয়ে পারল না।
প্রিয়ংবদা যথার্থ বলেছে।	প্রিয়ংবদা অযথার্থ বলেনি।
পরোপকারেই পুণ্য লাভ হয়।	পরোপকার ব্যতীত পুণ্য লাভ হয় না।

জ. নেতিবাচক বাক্য থেকে অস্তিবাচক বাক্যে রূপান্তর:

নেতিবাচক বাক্য	অস্তিবাচক বাক্য
পাজি লোক ছাড়া কেউ এ কাজ করতে পারে না।	কেবল পাজি লোকই এ কাজ করতে পারে।
আমি এখানে আর কখনো আসব না।	আমি এখানে শেষবারের মত এসেছি।
এমন কেউ নেই যে সুখী হতে চায় না।	সবাই সুখী হতে চায়।
এখন খাঁটি জিনিস সহজলভ্য নয়।	এখন খাঁটি জিনিস দুর্লভ।
হৈম তার অর্থ বুঝল না।	হৈম তার অর্থ বুঝতে ব্যর্থ হলো।
মাছ পাওয়া যায় তো তেল পাওয়া যায় না।	মাছ পাওয়া যায় তো তেল দুর্লভ।
তোমার চেয়ে সে বেশি চতুর নয়।	তোমার চেয়ে সে কম চতুর।
সে কেবল কাঁদল না।	সে ছাড়া অন্য সবাই কাঁদল।

বাক্যে পদ সংস্থাপনার ক্রম

বাক্যের অন্তর্ভুক্ত পদগুলো উপযুক্ত স্থানে বসানোকে পদ সংস্থাপনার ক্রম বা পদক্রম বলে।

বাক্য দীর্ঘতর হলে উদ্দেশ্য ও বিধেয় অংশের সঙ্গে নানা ধরনের শব্দ ও বর্গ যুক্ত হতে পারে। উদ্দেশ্য ও বিধেয়কে এইসব শব্দ ও বর্গ প্রসারিত করে বলে এগুলোর নাম প্রসারক। এছাড়া বিধেয় ক্রিয়ার বিশেষ্য অংশকে বলা হয় পূরক। যেমন-

আসিফ সাহেবের ছেলে	সুমন	গাছতলায় বসে	বই	পড়ছে
উদ্দেশ্যের প্রসারক	উদ্দেশ্য	বিধেয়ের প্রসারক	বিধেয়ের পূরক	বিধেয়ের ক্রিয়া

নিয়মাবলি:

১. সাধারণ বাক্যের প্রথমে সম্প্রসারকসহ উদ্দেশ্য (বা কর্তা) এবং বাক্যের শেষে সম্প্রসারকসহ বিধেয় (বা ক্রিয়াপদ) বসবে। যেমন-

মনোযোগী	ছাত্ররাই	রীতিমত	পড়াশোনা	করে
সম্প্রসারক	কর্তৃপদ	সম্প্রসারক	ক্রিয়াপদ	

কিন্তু বাক্যকে শক্তিশালী করার জন্য এর ব্যতিক্রমও হতে পারে। যেমন- লোকটি ছিল অত্যন্ত চতুর।

২. সম্বন্ধ পদ বিশেষ্যের পূর্বে বসবে। যেমন- 'ঘরের ছেলে ঘরে ফিরে এসেছে।'

৩. কারক-বিভক্তিযুক্ত পদ বা অসমাপিকা ক্রিয়াপদ বিশেষণের আগে বসে। যেমন- লোকটি ব্যবহারে খুবই ভদ্র।

৪. বিধেয় বিশেষণ সর্বদাই বিশেষ্যের পরে বসে। যথা- লোকটি যে জ্ঞানী তাতে সন্দেহ নেই।

৫. বাক্যের প্রথমে কর্তা, পরে কর্ম এবং শেষে ক্রিয়াপদ বসে। যেমন- আমি শাহনামা পড়েছি (কাব্যে এর ব্যতিক্রম হতে পারে)।

৬. বহুপদময় বিশেষণ সর্বদা বিশেষ্যের পূর্বে বসে। যেমন- তোমার দাঁত বের করা হাসি দেখলে সবারই পিত্ত জ্বলে যায়।

• বাক্যে 'না' অব্যয়ের ব্যবহার:

ক. সমাপিকা ক্রিয়ার পরে বসে। যেমন- আমি যাব না।

খ. অসমাপিকা ক্রিয়ার পূর্বে বসে। যেমন- না চাইতে দানের কোনো মর্যাদা নেই।

গ. যদি দিয়ে বাক্য আরম্ভ হলে সমাপিকা ক্রিয়ার পূর্বে বসে। যেমন- যদি সে না আসে, তাহলে তার ক্ষতি হবে।

ঘ. বিশেষণের পূর্বে বসে। যেমন- না ভালো, না মন্দ।

বাক্য শুদ্ধিকরণ

বাক্য গঠনের ক্ষেত্রে সচরাচর যে ভুলগুলো করা হয় সে সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা নিচে প্রদান করা হলো-

• সাধু ও চলিত রীতির ভুল: সাধারণত এই ভুলগুলো সহজেই খুঁজে পাওয়া যায়। বাক্যটি সাধুরীতির হলে বাক্যে উল্লিখিত চলিত রীতির সর্বনাম ও ক্রিয়াপদগুলো ভুল বলে গণ্য হবে। আবার, বাক্যটি চলিত রীতির হলে বাক্যে উল্লিখিত সাধুরীতির সর্বনাম ও ক্রিয়াপদগুলো ভুল বলে গণ্য হবে। যেমন-

১. অর্থ-সামঞ্জস্যহীন পদের ব্যবহার:

অশুদ্ধ	শুদ্ধ
ইক্ষুর চারা বপন করা হইল।	ইক্ষুর চারা রোপন করা হইল।
তাহার সাঙ্ঘাতিক আনন্দ হইল।	তাহার প্রচুর আনন্দ হইল।
হস্তীটি অপরিসীম স্থূলকায়।	হস্তীটি অত্যন্ত স্থূলকায়।
বঙ্কিমের প্রতিভা ছিল অতি ভয়ঙ্কর।	বঙ্কিমের প্রতিভা ছিল অতি অসাধারণ।
ছেলেটি ভয়ানক মেধাবী।	ছেলেটি অত্যন্ত মেধাবী।
আমরা উন্নতির পথে কুঠারাঘাত করিতেছি।	আমরা উন্নতির মূলে কুঠারাঘাত করিতেছি।

২. বিশেষ্যের বিশেষণ-রূপে ব্যবহার: শব্দে বিশেষ্যকে বিশেষণ-রূপে ব্যবহার করলে বাক্য অশুদ্ধির ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে।

অশুদ্ধ	শুদ্ধ
সে আরোগ্য হয়েছে।	সে আরোগ্য লাভ করেছে।
দেবী অন্তর্ধান হইবেন।	দেবী অন্তর্হিত হইবেন।
এ কথা প্রমাণ হয়েছে।	এ কথা প্রমাণিত হয়েছে।
তিনি এখন মৌনী আছে।	তিনি এখন মৌন আছেন।
তাহার জীবন সংশয়পূর্ণ।	তাহার জীবন সংশয়াপন্ন।

৩. বিশেষণের বিশেষ্যের ন্যায় ব্যবহার:

অশুদ্ধ	শুদ্ধ
ইহার আবশ্যক নাই।	ইহার আবশ্যকতা নাই।
আমি সাক্ষী দিয়েছি।	আমি সাক্ষ্য দিয়েছি।
তদ্দৃষ্টে লিখিত হইল।	তদ্দর্শনে লিখিত হইল।

৪. বচনঘটিত শুদ্ধিকরণ: একই সাথে দুবার বহুবচন বাচক প্রত্যয় বা শব্দ ব্যবহৃত হয় না। একটি বাক্যে একাধিকবার বহুবচনবাচক প্রত্যয় বা শব্দ ব্যবহারে 'বাহুল্য-দোষ' ঘটে। যেমন-

অশুদ্ধ	শুদ্ধ
সকল শিক্ষকগণ আজ উপস্থিত।	সকল শিক্ষক/শিক্ষকবৃন্দ আজ উপস্থিত।
প্রত্যেক শিক্ষকগণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।	প্রত্যেক শিক্ষক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।
সব ছাত্ররা আজ উপস্থিত।	সব ছাত্র আজ উপস্থিত।
	ছাত্ররা আজ উপস্থিত।
নীরোগ লোকরা যথার্থ সুখী।	নীরোগ লোক যথার্থ সুখী।
সর্ব বিষয়ে বাহুলতা বর্জন করা উচিত।	সর্ব বিষয়ে বাহুল্য বর্জন করা উচিত।
সকল মানুষেরাই মরণশীল।	মানুষ মরণশীল।

৫. লিঙ্গঘটিত শুদ্ধিকরণ: সাধারণত পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গ অথবা স্ত্রীলিঙ্গ থেকে পুংলিঙ্গ রূপান্তরকালে কিছু প্রত্যয়, অতিরিক্ত শব্দ কিংবা শব্দাংশ যুক্ত করতে হয়; না হলে ব্যাকরণজনিত ভুল দেখা দেয়। বিধেয় বিশেষণ অর্থাৎ বিশেষ্যের পরবর্তী বিশেষণে স্ত্রীবাচক হয় না। যেমন-

অশুদ্ধ	শুদ্ধ
মেয়েটি পাগলি হয়ে গেছে।	মেয়েটি পাগল হয়ে গেছে।
আজকালকার মেয়েরা যেমন কর্মঠ, তেমনি বিদ্বান	আজকালকার মেয়েরা যেমন কর্মঠ, তেমনি বিদুষী।
রাজা পাপিষ্ঠ রানিকে শাস্তি দিলেন।	রাজা পাপিষ্ঠা রানিকে শাস্তি দিলেন।
সে এমন রূপসী যেন অপ্সরা।	সে এমন রূপবতী যেন অপ্সরা।

৬. অর্থসামঞ্জস্যহীন বাক্যের ব্যবহার: অর্থসামঞ্জস্যহীন বাক্য বা শব্দের অতিব্যবহারের ফলে বাক্য অশুদ্ধ হয়ে যায়। অর্থ প্রকাশের জন্য শব্দ নির্দিষ্ট একটি মাত্রায় ব্যবহার করা উচিত, নতুবা বাক্যে অর্থের বিপর্যয় ঘটে। যেমন-

অশুদ্ধ	শুদ্ধ
শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না।	শুধু গায়ের জোরে কাজ হয় না।
তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ।	তাহার বৈমাত্রেয় ভ্রাতা/ ভাই অসুস্থ।
তাহার হৃদয় কমলে জ্ঞানের বীজ উপ্ত হইল।	তাহার হৃদয় ক্ষেত্রে জ্ঞানের বীজ উপ্ত হইল।
ছেলেটি বংশের মাথায় চুনকালি দিল।	ছেলেটি বংশের মুখে চুনকালি দিল।
কথাটা আমার স্মৃতিপটে জাগরুক আছে।	কথাটা আমার স্মৃতিপটে অঙ্কিত আছে।

৭. কী ও কি সমস্যা: বিস্ময়, প্রশ্ন ইত্যাদি অর্থে বিশেষণ এবং সর্বনাম রূপে স্বতন্ত্র পদ হিসেবে 'কী' ব্যবহৃত হয়। অন্যদিকে, সংশয় কিংবা প্রশ্ন বোঝাতে অব্যয় হিসেবে 'কি' ব্যবহৃত হয়। 'কি' প্রশ্নবোধক অব্যয় এবং 'কী' বিস্ময়সূচক পদ। প্রশ্নবোধক বাক্যে কি/কী উভয়টির ব্যবহার হয়। কোনো প্রশ্নের উত্তর শুধু হাঁ বা না দিয়ে হলে 'কি' বসবে এবং প্রশ্নের উত্তর যদি ব্যাখ্যাকারে দিতে হয় তাহলে 'কী' বসবে। যেমন-

অশুদ্ধ	শুদ্ধ
তুমি কী আজ যাবে?	তুমি কি আজ যাবে?
তুমি কী ঢাকা যাবে?	তুমি কি ঢাকা যাবে?

৮. বিবিধ শুদ্ধীকরণ:

অশুদ্ধ	শুদ্ধ
আপনি স্বপরিবারে আমন্ত্রিত।	আপনি সপরিবারে আমন্ত্রিত।
সায়াহ্নে সবাই বাড়ি ফিরে।	সন্ধ্যায় সবাই বাড়ি ফিরে।
অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।	অন্নাভাবে প্রতি ঘরে হাহাকার।
সাবধানপূর্বক চলবে।	সাবধানে চলবে।
বিদ্যান ব্যক্তিগণ দারিদ্র্যতার শিকার হন।	বিদ্বান ব্যক্তিরা দারিদ্র্যের শিকার হন।
বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।	বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ।
তিনি আমার বইটি প্রকাশিত করেছেন।	তিনি আমার বইটি প্রকাশ করেছন।
বুনো কচু, বাঘা তেঁতুল।	বুনো ওল, বাঘা তেঁতুল।
রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য।	রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য।
লোকটি নিরপরাধী কিন্তু নিরহঙ্কারী নয়।	লোকটি নিরপরাধ কিন্তু নিরহঙ্কার নয়।
কুলটা নারীকে বর্জন কর।	কুলটাকে বর্জন কর।
দৈনতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়।	দৈন্য মহত্ত্বের পরিচায়ক নয়।
দারিদ্র্যতা বাংলাদেশের প্রধান সমস্যা।	দরিদ্রতা/দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা।
হাসান হলো আমার ভ্রাতুষ্পুত্র।	হাসান আমার ভ্রাতুষ্পুত্র।
নৌকার স্রোতে ভাসিয়া চলিয়াছিল।	নৌকা স্রোতে ভাসিয়া চলিয়াছিল।
কৃত্তিবাস বাঙলা রামায়ণ লিখেছেন।	কৃত্তিবাস বাংলায় রামায়ণ লিখেছেন।
দৈন্যতা প্রশংসনীয় নয়।	দীনতা প্রশংসনীয় নয়।
একটি গোপন কথা বলি।	একটি গোপনীয় কথা বলি।
'গীতাঞ্জলী' পড়েছ কি?	'গীতাঞ্জলি' পড়েছ কি?
আবশ্যকীয় ব্যায়ে কার্পণ্য অনুচিত।	আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত।
বিধি লঙ্ঘন হয়েছে।	বিধি লঙ্ঘিত হয়েছে।
সূর্য উদয় হয়েছে?	সূর্য উদিত হয়েছে?

সাহিত্যিক ও সাংস্কৃতিক অনুষ্ঠান।	সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান।
দশচক্রে ঈশ্বর ভূত।	দশচক্রে ভগবান ভূত।
তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।	তোমার গোপনীয় কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।
অন্যায়ের ফল আবশ্যক	অন্যায়ের ফল অনিবার্য।
আমি যেয়ে দেখি সব শেষ।	আমি গিয়ে দেখি সব শেষ।
সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল।	সলজ্জ হাসি হেসে মেয়েটি উত্তর দিল।
বিদ্বান মূর্খ্য অপেক্ষা শ্রেষ্ঠতর।	বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
	বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেয়।
বিবিধ জিনিসপত্র কিনলাম।	বিবিধ জিনিস কিনলাম।

ক্রিয়ার কাল

ক্রিয়া সম্পন্ন হওয়ার সময়কে ক্রিয়ার কাল বলে। ক্রিয়ার কাল তিন প্রকার: বর্তমান কাল, অতীত কাল ও ভবিষ্যৎ কাল।

১. বর্তমান কাল: বর্তমানে যে ক্রিয়া সম্পন্ন হয় তাকে বর্তমান কাল বলে। বর্তমান কাল চার প্রকার: সাধারণ বর্তমান, ঘটমান বর্তমান, পুরাঘটিত বর্তমান এবং অনুজ্ঞা বর্তমান।

সাধারণ বর্তমান কাল: যে ক্রিয়া বর্তমানে সাধারণভাবে ঘটে, তার কালকে সাধারণ বর্তমান কাল বলে। যেমন: আমি স্কুলে যাই; সে বই পড়ে; সুমি নাচে।

• সাধারণ বর্তমান কালের উদাহরণ:

১. স্থায়ী সত্য প্রকাশে: চার আর তিনে সাত হয়।

২. ঐতিহাসিক বর্তমান: বাবরের মৃত্যুর পর হুমায়ুন দিল্লীর সিংহাসনে আরোহণ করেন।

৩. কাব্যের ভণিতায়: মহাভারতের কথা অমৃতের সমান, কাশীরাম দাস ভনে শুনে পুণ্যবান।

৪. অনিশ্চয়তা প্রকাশে: কে জানে দেশে আবার সুদিন আসবে কি না।

ঘটমান বর্তমান: যে কাজ শুরু হয়েছে, কিন্তু শেষ হয়নি তাকে ঘটমান বর্তমান কাল বলে। যেমন: আমি স্কুলে **যাচ্ছি**। আমাদের পরীক্ষা **চলছে**। হাসান বই **পড়ছে**। নীরা গান **গাইছে**।

পুরাঘটিত বর্তমান: ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন: এ বার আমি পরীক্ষায় উত্তীর্ণ **হয়েছি**। আমি অঙ্কটি **করেছি**। তারা বাড়িতে **ফিরেছে**।

অনুজ্ঞা বর্তমান: যে ক্রিয়া দিয়ে বর্তমান কালে বক্তার আদেশ, অনুমতি, অনুরোধ, প্রার্থনা, আমন্ত্রণ, আশীর্বাদ, অভিশাপ, উপদেশ, উপেক্ষা ইত্যাদি প্রকাশ করা হয়, তাকে অনুজ্ঞা বর্তমান কাল বলে। যেমন: তাড়াতাড়ি কাজটি **করো**। সকলের মঙ্গল **হোক**।

অতীত কাল: যে ক্রিয়া পূর্বেই ঘটে গেছে, তাই অতীত কাল।

অতীত কাল চার ভাগে বিভক্ত। যথা:

ক. সাধারণ অতীত: বর্তমান কালের আগেই যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমন: তারা সেখানে বেড়াতে **গেল**। তখন বাতিটা জ্বলে **উঠল**। প্রদীপ নিভে **গেল**। শিকারি পাখিটিকে গুলি **করল**।

নিত্যবৃত্ত অতীত: অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে। যেমন: আমরা তখন রোজ সকালে নদীতীরে ভ্রমণ **করতাম**। খুব সকালে ঘুম থেকে **উঠতাম**। তারা সাগরের তীরে ঝিনুক **কুড়াত**।

ঘটমান অতীত কাল: অতীত কালে যে কাজ চলছিল এবং যে সময়ের কথা বলা হয়েছে, তখনো কাজটি সমাপ্ত হয়নি, ক্রিয়া সংঘটনের এরূপ ভাব বোঝালে ক্রিয়ার ঘটমান অতীত কাল হয়। যেমন: তারা মাঠে **খেলছিল**। কাল সন্ধ্যায় বৃষ্টি **পড়ছিল**। বাবা আমাদের পড়াশুনা **দেখাচ্ছিলেন**।

পুরাঘটিত অতীত কাল: যে ক্রিয়া অতীতে বহু পূর্বেই সংঘটিত হয়ে গিয়েছে এবং যার পরে আরো কিছু ঘটনা ঘটে গেছে, তার কালকে পুরাঘটিত অতীত কাল বলে। যেমন: সেবার তাকে সুস্থই **দেখেছিলাম**। খবরটা তুমি আমাকে চিঠিতে **জানিয়েছিলে**।

ভবিষ্যৎ কাল: যে কাজ ভবিষ্যতে ঘটবে, তার কালকে ভবিষ্যৎ কাল বলে। যেমন: আমি ভাত **খাবো**।

• ভবিষ্যৎ কাল আবার তিন ভাগে বিভক্ত। যথা:
সাধারণ ভবিষ্যৎ কাল: যে ক্রিয়া পরে বা অনাগত কালে সংঘটিত হবে, তার কালকে সাধারণ ভবিষ্যৎ কাল বলে। যেমন: আমরা রংপুরে **যাব**। দু-এক দিনের মধ্যে সে **আসবে**। শীঘ্রই বৃষ্টি **আসবে**। আমরা মাঠে খেলতে **যাব**।

ঘটমান ভবিষ্যৎ কাল: যে কাজ ভবিষ্যৎ কালে চলতে থাকবে তার কালকে ঘটমান ভবিষ্যৎ কাল বলে। যেমন: আমাদের কাজ আমরা **করতে থাকবো**। এমন ঘটনা ঘটতেই থাকবে। আমরা ফুটবল খেলতে থাকবো।

অনুজ্ঞা ভবিষ্যৎ: যে ক্রিয়া দিয়ে ভবিষ্যৎ কালে আদেশ, অনুমতি, অনুরোধ, প্রার্থনা, আমন্ত্রণ, আশীর্বাদ, উপদেশ, উপেক্ষা ইত্যাদি বোঝানো হয়, তাকে অনুজ্ঞা ভবিষ্যৎ কাল বলে। যেমন: তাড়াতাড়ি কাজটি **করো**। ভালোভাবে পৌঁছে **যেয়ো**।

ক্রিয়ার কালের বিশিষ্ট প্রয়োগ
অনেক সময়ে ক্রিয়াবিভক্তি যে কালের হয়, ঘটনা সেই কালের হয় না। এগুলো ক্রিয়ার কালের বিশিষ্ট প্রয়োগ।
সাধারণ বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ:
• ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮৯১ সালে মৃত্যুবরণ করেন। (ঘটনা অতীতের; কিন্তু ক্রিয়ার কাল বর্তমান।)
• সবাই যেন সভায় হাজির থাকে। (ঘটনা ভবিষ্যতের; কিন্তু ক্রিয়ার কাল বর্তমান।)

ঘটমান বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ:
১. বক্তার প্রত্যক্ষ উক্তিতে ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যথা: "শত্রুর অত্যাচারের দেশ আজ বিপন্ন, ধন-সম্পদ লুণ্ঠিত **হচ্ছে**, দিকে দিকে আগুন **জ্বলছে**"।
২. ভবিষ্যৎ সম্ভাবনা অর্থে: চিন্তা করো না, কালই **আসছি**।
৩. আগামী মাসে আমরা সিলেট যাচ্ছি। (ঘটনা ভবিষ্যতের; কিন্তু ক্রিয়ার কাল বর্তমান।)

সাধারণ অতীত কালের বিশিষ্ট প্রয়োগ:
• শিকারি পাখিটিকে এইমাত্র গুলি করল। (ঘটনা পুরাঘটিত বর্তমানের; কিন্তু ক্রিয়ার কাল অতীত।)
• যদি বৃষ্টি হতো, সবাই মিলে খিচুড়ি খেতাম। (ঘটনা ভবিষ্যতের; কিন্তু ক্রিয়ার কাল অতীত।)

সাধারণ ভবিষ্যৎ কালের বিশিষ্ট প্রয়োগ:
• অতীত কালের ঘটনা সম্পর্কিত যে ক্রিয়াপদে সন্দেহের ভাব বর্তমান থাকে, তার বর্ণনায় সাধারণ ভবিষ্যৎ কালের ব্যবহার হয়। যেমন:
• তোমরা হয়ত 'বিশ্বনবী' **পড়ে থাকবে**। (ঘটনা অতীতের; কিন্তু কাল ভবিষ্যৎ।)
• তোমরা হয়ত ছয় দফার কথা **শুনে থাকবে**। (ঘটনা অতীতের; কিন্তু কাল ভবিষ্যৎ।)

বাংলা সাহিত্য

♦ আধুনিক যুগের সাহিত্যিকগণ

♦ সুফিয়া কামাল (১৯১১-১৯৯৯)

▪ বাংলাদেশের নারী আন্দোলনের অন্যতম পথিকৃৎ বেগম সুফিয়া কামাল ২০ জুন ১৯১১ খ্রিস্টাব্দে বরিশালের শায়েস্তাবাদে জন্মগ্রহণ করেন। বাংলাদেশের প্রথম আধুনিক মহিলা কবি সুফিয়া কামাল। তিনি 'জননী সাহসিকা' নামে পরিচিত। তিনি রবীন্দ্র কাব্যধারার একজন গীতিকবি এবং বাংলাদেশের শ্রেষ্ঠ মহিলা কবি।

▪ সাহিত্যকর্ম:
১. কাব্যগ্রন্থ: সাঁঝের মায়া (এটি তাঁর রচিত প্রথম কাব্য), মায়াহু কাজল (১৯৫১), মন ও জীবন, উদাত্ত পৃথিবী, দিওয়ান, অভিযাত্রিক, মৃত্তিকার ঘ্রাণ, মোর জাদুদের সমাধি পরে।
২. গল্প: কেয়ার কাঁটা (১৯৩৭)।
৩. শিশুতোষ গ্রন্থ: ইতল-বিতল (১৯৬৫), নওল কিশোরের দরবারে।
৪. স্মৃতিকথা: একাত্তরের ডায়েরি (১৯৮৯)।
৫. আত্মজীবনী: একালে আমাদের কাল (১৯৮৮)।
৬. ভ্রমণকাহিনী: সোভিয়েতের দিনগুলো।

৭. কবিতা: তাহারেই পড়ে মনে, রূপসী বাংলা।

♦ শওকত ওসমান (১৯১৭-১৯৯৮)

▪ বাংলাদেশের বিশিষ্ট কথাসাহিত্যিক, নাট্যকার ও প্রাবন্ধিক শওকত ওসমান ২ জানুয়ারি, ১৯১৭ সালে হুগলির সবল সিংহপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর প্রকৃত নাম- শেখ আজিজুর রহমান। প্রয়াত হুমায়ুন আজাদ তাঁকে 'অগ্রবর্তী আধুনিক মানুষ' নামে অভিহিত করেন।

▪ সাহিত্যকর্ম:

১. উপন্যাস: জননী (প্রথম প্রকাশিত), ক্রীতদাসের হাসি (এর জন্য 'আদমজী সাহিত্য পুরস্কার' লাভ করেন), বনি আদম, আর্তনাদ, জাহান্নম হইতে বিদায় (মুক্তিযুদ্ধভিত্তিক), দুই সৈনিক, নেকড়ে অরণ্য, জলাঙ্গী, পতঙ্গ পিঞ্জর, রাজপুরুষ, চৌরসন্ধি।

২. নাটক: আমলার মামলা, তস্কর ও লস্কর, বাগদাদের কবি, জন্ম-জন্মান্তর, পূর্ণ স্বাধীনতা চূর্ণ স্বাধীনতা।

৩. গল্পগ্রন্থ: জন্ম যদি তব বঙ্গে (মুক্তিযুদ্ধভিত্তিক), ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী, জুনু আপা ও অন্যান্য গল্প, প্রস্তর ফলক, মনিব ও তাহার কুকুর।

৪. শিশুতোষ: ওটেন সাহেবের বাংলো, মস্কুইটোফোন, ক্ষুদে সোশালিস্ট।

৫. প্রবন্ধ: সংস্কৃতির চড়াই উৎরাই, মুসলিম মানসের রূপান্তর, ভাব ভাষা ও ভাবনা।

♦ সৈয়দ ওয়ালীউল্লাহ (১৯২২-১৯৭১)

▪ বাংলা কথাসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ রূপকার, জীবন সন্ধানী ও সমাজ সচেতন শিল্পী সৈয়দ ওয়ালীউল্লাহ ১৫ আগস্ট, ১৯২২ খ্রিস্টাব্দে চট্টগ্রামের ষোলশহরে জন্মগ্রহণ করেন। তিনি অস্তিত্ববাদী ঔপন্যাসিক এবং বাংলা উপন্যাসে চেতনা প্রবাহ রীতির প্রথম প্রয়োগ করেন।

▪ সাহিত্যকর্ম:

১. উপন্যাস: লালসালু (প্রকাশকাল- ১৯৪৮, ইংরেজি অনুবাদ- Tree without roots), চাঁদের অমাবস্যা (মনঃসমীক্ষমূলক অস্তিত্ববাদী উপন্যাস, প্রকাশকাল-১৯৬৪), The Ugly Asian, কাঁদো নদী কাঁদো (১৯৬৮), How to cook beans (ইংরেজি ভাষায় রচিত)|

২. নাটক: বহ্নিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু।

৩. গল্পগ্রন্থ: নয়নচারা (প্রথম গল্পগ্রন্থ), দুই তীর ও অন্যান্য গল্প, গল্পসমগ্র।

♦ মুনীর চৌধুরী (১৯২৫-১৯৭১)

▪ বরেণ্য শিক্ষাবিদ, বুদ্ধিজীবী, অসাধারণ বক্তা, সৃজনশীল নাট্যকার ও সফল অনুবাদক মুনীর চৌধুরী। জন্ম- ২৭ নভেম্বর, ১৯২৫ সালে মানিকগঞ্জ শহরে। তিনি ১৯৬৫ সালে বাংলা টাইপ রাইটিং এর কীবোর্ড 'মুনীর অপটিমা' উদ্ভাবন করেন। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর আল বদর বাহিনী তাঁকে ধরে নিয়ে যায় এবং আর খুঁজে পাওয়া যায়নি।

▪ সাহিত্যকর্ম:

১. নাটক: রক্তাক্ত প্রান্তর (তাঁর রচিত প্রথম নাটক, প্রকাশকাল-১৯৬২, এটি একটি ঐতিহাসিক নাটক), কবর (ভাষা আন্দোলনের প্রেক্ষিতে রচিত নাটকটি তিনি কারাগারে থাকা অবস্থায় রচনা করেন), মানুষ, নষ্ট ছেলে, দন্ডকারণ্য, চিঠি।

২. অনূদিত নাটক: কেউ কিছু বলতে পারে না (You never can tell), রূপোর কৌটা (The silver box), মুখরা রমনী বশীকরণ (এটি শেক্সপিয়রের Taming of the Shrew এর অনুবাদ)।

৩. প্রবন্ধ: মীর মানস, তুলনামূলক সমালোচনা।

♦ আবু ইসহাক (১৯২৬-২০০৩)

▪ প্রখ্যাত ঔপন্যাসিক আবু ইসহাক ১ নভেম্বর, ১৯২৬ সালে শরীয়তপুরের নড়িয়া উপজেলার শিরঙ্গল গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন জীবনসন্ধানী লেখক।

▪ সাহিত্যকর্ম:

১. উপন্যাস: উপন্যাস সূর্য-দীঘল বাড়ি (এটি প্রথম প্রকাশিত উপন্যাস, প্রকাশকাল-১৯৫৫), পদ্মার পলিদ্বীপ (১৯৮৬), জাল (রহস্য উপন্যাস)।

২. গল্পগ্রন্থ: মহাপতঙ্গ, অভিশাপ (প্রথম প্রকাশিত ছোটগল্প), হারেম, জোঁক (ছোটগল্প)।

৩. নাটক: জয়ধ্বনি।

৪. স্মৃতিচারণমূলক গ্রন্থ: স্মৃতিবিচিত্রা।

♦ শহীদুল্লা কায়সার (১৯২৭-১৯৭১)

▪ শহীদুল্লাহ কায়সার (১৬ ফেব্রুয়ারি, ১৯২৭-১৪ ডিসেম্বর ১৯৭১) ছিলেন একজন বাংলাদেশি সাংবাদিক লেখক ও বুদ্ধিজীবী। তার প্রকৃত নাম ছিল আবু নঈম মোহাম্মদ শহীদুল্লা। তিনি মার্কসবাদ-লেনিনবাদে বিশ্বাসী ছিলেন। চলচ্চিত্র পরিচালক ও সাহিত্যিক জহির রায়হান তাঁর আপন ভাই।

▪ সাহিত্যকর্ম:

১. উপন্যাস: সারেং বৌ (১৯৬২ং), সংশপ্তক (১৯৬৫)।

২. স্মৃতিকথা: রাজবন্দীর রোজনামচা (১৯৬২)।

৩. ভ্রমণকাহিনী: পেশোয়ার থেকে তাসখন্দ (১৯৬৬)।

♦ শামসুর রাহমান (১৯২৯-২০০৬)

▪ নাগরিক কবি শামসুর রাহমান ২৪ অক্টোবর, ১৯২৯ খ্রিস্টাব্দে পুরান ঢাকার মাহুতটুলিতে জন্মগ্রহণ করেন। পৈতৃক নিবাস নরসিংদী জেলার রায়পুরা থানার পাড়াতলী গ্রাম। ডাকনাম-বাচ্চু। মুক্তিযুদ্ধকালে তিনি 'দেশ' পত্রিকার 'মজলুম আদিব' ছদ্মনামে কবিতা লিখতেন। তিনি বিভিন্ন পত্রিকায় সিন্দাবাদ, চক্ষুষ্মান, লিপিকার, নেপথ্যে, মৈনাক প্রভৃতি ছদ্মনামে সম্পাদকীয় ও উপসম্পাদকীয় লিখতেন। তিনি ১৭ আগস্ট, ২০০৬ খ্রিস্টাব্দে পিজি হাসপাতালে মৃত্যুবরণ করেন।

▪ সাহিত্যকর্ম:

১. কাব্যগ্রন্থ: প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে (এটি তার প্রথম কাব্যগ্রন্থ, প্রকাশকাল-১৯৬০), বন্দী শিবির থেকে (মুক্তিযুদ্ধের পটভূমিতে রচিত এ কাব্যের প্রকাশকাল-১৯৭২), বাংলাদেশ স্বপ্ন দ্যাখে (১৯৭৭), উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ (১৯৮২), রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, নিরালোকে দিব্যরথ, নিজ বাসভূমে, দুঃসময়ের মুখোমুখি (১৯৭৩), আদিগন্ত নগ্ন পদধ্বনি, এক ধরনের অহংকার, আমি অনাহারী, প্রতিদিন ঘরহীন ঘরে, ফিরিয়ে নাও ঘাতক কাঁটা, শূন্যতায় তুমি শোকসভা।

২. উপন্যাস: অক্টোপাস (১৯৮৩), অদ্ভুত আঁধার এক (১৯৮৫), নিয়ত মন্তাজ, এলো সে অবেলায়।

৩. আত্মস্মৃতি: স্মৃতির শহর (১৯৭৯), কালের ধূলোয় লেখা (২০০৪)।

৪. শিশুতোষ: এলাটিং বেলাটিং (১৯৭৫), ধান ভানলে কুঁড়ো দেব, লাল ফুলকির ছড়া (১৯৯৫)।

৫. হাতির শুড় (১৯৫৮ সালে স্বৈরশাসক আইয়ুব খানকে বিদ্রুপ করে এটি লিখেছিলেন), টেলিমেকাস, আসাদের শার্ট, (বর্ণমালা, আমার দুঃখিনী বর্ণমালা, স্বাধীনতা তুমি, তুমি আসবে বলে হে স্বাধীনতা।

♦ হাসান হাফিজুর রহমান (১৯৩২-১৯৮৩)

▪ বিশিষ্ট কবি, সাহিত্যিক ও সাংবাদিক হাসান হাফিজুর রহমান ১৪ জুন, ১৯৩২ খ্রিস্টাব্দে জামালপুর শহরে জন্মগ্রহণ করেন। তাঁকে বিষয়ভিত্তিক কবি বলা হয়। তিনি 'একুশে ফেব্রুয়ারি' সংকলন এবং 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ: দলিলপত্র' সম্পাদনা করেন। 'একুশে ফেব্রুয়ারি' হলো ভাষা আন্দোলনের প্রথম সাহিত্য সংকলন। ১৯৫৩ সালের মার্চে এটি প্রকাশিত হলে সংকলনটি পাকিস্তান সরকার বাজেয়াপ্ত করেন। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটি এতে প্রথম প্রকাশিত হয়।

▪ সাহিত্যকর্ম:

১. কাব্যগ্রন্থ: বিমুখ প্রান্তর (এটি তাঁর প্রকাশিত প্রথম কাব্য যার প্রকাশকাল ১৯৬৩। 'অমর একুশে' এ কাব্যের বিখ্যাত কবিতা), যখন উদ্যত সঙ্গীন (১৯৭২), শোকার্ত, তরবারী, ভবিতব্যের বাণিজ্য তরী, আর্ত শব্দাবলী, অন্তিম শবের মতো।

২. প্রবন্ধ: আধুনিক কবি ও কবিতা, মূলবোধের জন্য, আলোকিত গহ্বর, সাহিত্য প্রসঙ্গ।

৩. গল্পগ্রন্থ: আরো দু'টি মৃত্যু (১৯৭০)

৪. ভ্রমণকাহিনী: সীমান্ত শিবিরে।

৫. সম্পাদনা: একুশে ফেব্রুয়ারি (১৯৫৩), বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ: দলিলপত্র (১৯৮২-৮৩)।

♦ জহির রায়হান (১৯৩৫-১৯৭২)

▪ প্রখ্যাত কথাশিল্পী ও চলচ্চিত্রকার জহির রায়হান ছিলেন ভাষাসৈনিক। তিনি ১৯ আগস্ট, ১৯৩৫ সালে ফেনীর মজুপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর প্রকৃত নাম আবু আবদার মোহাম্মদ জহিরুল্লাহ। ডাকনাম- জাফর। তিনি বাংলা একাডেমি পুরস্কার-১৯৭২ (মরণোত্তর) পান। তিনি ১৯৭২ সালের ৩০ জানুয়ারি নিখোঁজ ভাই শহীদুল্লাহ কায়সারকে খুঁজতে গিয়ে নিজেই নিখোঁজ হন। তাঁর লাশও পাওয়া যায়নি।

▪ সাহিত্যকর্ম:

১. উপন্যাস: শেষ বিকেলের মেয়ে (প্রথম প্রকাশিত উপন্যাস), হাজার বছর ধরে (১৯৬৪), আরেক ফাল্গুন (১৯৬৮), আর কত দিন, একুশে ফেব্রুয়ারি (ভাষা আন্দোলনভিত্তিক উপন্যাস), তৃষ্ণা, বরফ গলা নদী, কয়েকটি মৃত্যু।

২. চলচ্চিত্র: কখনো আসেনি (১৯৬১), সঙ্গম (বাংলাদেশের প্রথম রঙ্গিন চলচ্চিত্র), জীবন থেকে নেয়া (ভাষা আন্দোলনভিত্তিক), কাঁচের দেয়াল, বাহানা (উর্দু ভাষায় নির্মিত), সোনার কাজন, বেহুলা, আনোয়ারা।

৩. গল্পগ্রন্থ: সূর্যগ্রহণ, বাঁধ।

৪. প্রামাণ্যচিত্র: Stop Genocide, A State is Born (মুক্তিযুদ্ধভিত্তিক), Let there be Light।

♦ সৈয়দ শামসুল হক (১৯৩৫-২০১৬)

▪ বিংশ শতাব্দীর শেষভাগে সক্রিয় প্রখ্যাত সাহিত্যিক সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক ২৭ ডিসেম্বর, ১৯৩৫ খ্রিস্টাব্দে কুড়িগ্রামে জন্মগ্রহণ করেন। তিনি মাত্র ৩১ বছর বয়সে 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার' পান (এ পুরস্কার প্রাপ্ত সাহিত্যিকদের মধ্যে তিনি সবচেয়ে কম বয়সী)। তিনি ২৭ সেপ্টেম্বর, ২০১৬ সালে মৃত্যুবরণ করেন।

▪ সাহিত্যকর্ম:

১. উপন্যাস: দেয়ালের দেশ (এটি তাঁর প্রথম উপন্যাস), নিষিদ্ধ লোবান (মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। এটি 'গেরিলা' নামে চলচ্চিত্রায়িত করেন নাসিরউদ্দিন ইউসুফ), নীলদংশন (মুক্তিযুদ্ধভিত্তিক), খেলারাম খেলে যা, সীমানা ছাড়িয়ে, দ্বিতীয় দিনের কাহিনী, আয়না বিবির পালা, স্তব্ধতার অনুবাদ, তুমি সেই তরবারি।

২. কাব্যগ্রন্থ: পরানের গহীন ভিতর (আঞ্চলিক ভাষারীতিতে রচিত), একদা এক রাজ্যে, বিরতিহীন উৎসব (১৯৬৯), বৈশাখে রচিত পঙ্‌ক্তিমালা, ধ্বংসস্তূপে কবি ও নগর, নাভিমূলে ভস্মাধার।

৩. কাব্যনাট্য: পায়ের আওয়াজ পাওয়া যায় (মুক্তিযুদ্ধভিত্তিক), নূরলদীনের সারা জীবন (বিখ্যাত উক্তি- 'জাগো, বাহে, কোনঠে সবায়'), গণনায়ক, এখানে এখন, ঈর্ষা।

৪. প্রবন্ধ: হৃৎকলমের টানে (১৯৯১)।

৫. শিশুতোষ: সীমান্তের সিংহাসন, হাডসনের বন্দুক।

৬. গল্প: তাস (১৯৫৪), শীত বিকেল, রক্তগোলাপ, আনন্দের মৃত্যু, জলেশ্বরীর গল্পগুলো, প্রাচীন বংশের নিঃস্ব সন্তান।

♦ আল মাহমুদ (১৯৩৬-২০১৯)

▪ বাংলা সাহিত্যের প্রধান কবি আল মাহমুদ ১১ জুলাই, ১৯৩৬ খ্রিস্টাব্দে ব্রাহ্মণবাড়িয়া জেলার মোড়াইল গ্রামে জন্মগ্রহণ করেন। প্রকৃত নাম- মীর আব্দুস শুকুর আল মাহমুদ। তিনি ১৫ ফেব্রুয়ারি, ২০১৯ সালে ইন্তেকাল করেন।

▪ সাহিত্যকর্ম:

১. কাব্যগ্রন্থ: লোক লোকান্তর (প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ), সোনালী কাবিন, কালের কলস, মায়াবী পর্দা দুলে উঠো, পাখির কাছে ফুলের কাছে, বখতিয়ারের ঘোড়া, প্রেমের কবিতা, দ্বিতীয় ভাঙ্গন।

২. উপন্যাস: ডাহুকী, কবি ও কোলাহল, উপমহাদেশ (মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস), আগুনের মেয়ে, কাবিলের বোন।

৩. গল্পগ্রন্থ: পানকৌড়ির রক্ত, সৌরভের কাছে পরাজিত, ময়ূরীর মুখ, গন্ধবণিক।

♦ শওকত আলী (১৯৩৬-২০১৮)

▪ বিশিষ্ট সাংবাদিক ও কথাসাহিত্যিক শওকত আলী ১২ জানুয়ারি, ১৯৩৬ সালে পশ্চিমবঙ্গের উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জে জন্মগ্রহণ করেন। মৃত্যু- ২৫ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দে ঢাকায়।

▪ সাহিত্যকর্ম:

